

## ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (বিষয় মনোনয়ন প্রাপ্তদের)

বি-ইউনিট (কলা ও মানববিদ্যা অনুষদ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

তারিখ: ১১/১২/২০১৭

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বি.এ. (সম্মান) ১ম বর্ষ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বি-ইউনিট (কলা ও মানববিদ্যা অনুষদ) হতে যে সকল ছাত্রছাত্রী চারুকলা ইনস্টিটিউট, নাট্যকলা বিভাগ ও সংগীত বিভাগ হতে ব্যবহারিক পরীক্ষায় পাস করেছেন এবং মেধাক্রম অনুযায়ী তৃতীয় পর্যায়ে বিষয় মনোনয়ন পেয়েছেন তাদেরকে কলা ও মানববিদ্যা অনুষদ কার্যালয়ে উপস্থিত হয়ে আগামী ১২/১২/২০১৭ তারিখ হতে ১৭/১২/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে শিক্ষা সহায়ক ফি ৩০০০/- টাকা ও অনুষদ উন্নয়ন ফি ৫০০/- টাকাসহ মোট ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জমা দেয়ার জন্য বলা হলো এবং একটি ১০"/১৪" খামের উপর ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেধাক্রম, ভর্তি ইচ্ছুক (মনোনয়ন প্রাপ্ত) বিষয়ের নাম ও মোবাইল নম্বর লিখে উক্ত খামসহ নিম্নোক্ত কাগজপত্রসমূহ জমা দেয়ার জন্য বলা হলো:-

১. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ- “ভর্তির প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম” - ০১ (এক) কপি।
২. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ – “বিভাগ/বিষয় পছন্দক্রম ফরম” - ০১ (এক) কপি।
৩. পরীক্ষার্থীর স্বাক্ষরসহ - “ভর্তি পরীক্ষার প্রবেশপত্র” - ০১ (এক) কপি।
৪. HSC রেজিস্ট্রেশন কার্ড : মূল কপি।
৫. HSC মার্কসীট ও প্রশংসাপত্র : মূল কপি।
৬. SSC রেজিস্ট্রেশন কার্ড : মূল কপি।
৭. SSC মার্কসীট : মূল কপি।
৮. সত্যায়িত ছবি : ০৬ কপি (পাসপোর্ট সাইজ)।
৯. অভিভাবকের বাৎসরিক আয়ের সনদের সত্যায়িত অনুলিপি।

উল্লেখ্য অগ্রণী ব্যাংক চ.বি. শাখায় আগামী ১৮/১২/২০১৭ তারিখ হতে ২৮/১২/২০১৭ তারিখ পর্যন্ত নির্ধারিত ভর্তি ফি জমা নেয়া হবে। যে কোন বিস্তারিত তথ্য চ.বি. ওয়েবসাইটে (<http://admission.eis.cu.ac.bd>) পাওয়া যাবে।

স্বাক্ষরিত

ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ ও

সভাপতি, বি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি (২০১৭-২০১৮)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।